

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩১.২৮২.২৪-২৬২

তারিখঃ ২২/০৪/২০২৪।

বিষয়ঃ ফেনী জেলার ফুলগাজী উপজেলাধীন ফুলগাজী পৌরসভা গঠন প্রসঙ্গে।


সূত্রঃ জনাব আলাউদ্দিন আহম্মদ চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ২৬৫ ফেনী-১ এর ডিও নং-০৬, তারিখঃ ০৮/০২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ফেনী জেলার ফুলগাজী উপজেলাধীন ফুলগাজী পৌরসভা গঠনের লক্ষ্যে ফুলগাজী উপজেলাধীন তফসিলভুক্ত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করার লক্ষ্যে সুস্পষ্ট মতামতসহ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ও ৪ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত হালনাগাদ তথ্যাদি (তফসিলের সফট কপি সিডিসহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (১) প্রস্তাবিত এলাকার লোক সংখ্যা;
- (২) প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে কত জন;
- (৩) প্রস্তাবিত এলাকার অকৃষি পেশার হার;
- (৪) অকৃষি প্রকৃতির ভূমির হার;
- (৫) প্রস্তাবিত এলাকার তফসিল, ইউনিয়নের নাম, মৌজার নাম, জে, এল, নং এবং দাগ নম্বরসমূহ (ম্যাপসহ)
- (৬) প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত কিনা;
- (৭) প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা;
- (৮) স্থানীয় আয়ের উৎস; এবং
- (৯) সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত প্রস্তাবিত এলাকার বিগত ০৩ (তিন) বছরের গড় রাজস্ব আয়।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫


২২/০৪/২৪
(ড. সালমা সিদ্দিকা)
উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২

জেলা প্রশাসক
ফেনী।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



সদস্য

মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে
সচিব
স্থানীয় সরকার বিভাগ
মন্ত্রীর প্রেক্ষাপ্ত সূত্রে
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ জাতীয় সংসদ

ডিও নং-০০০০.স.স.২৬৫. ফে-১.২৪-০০৬

তারিখ : ০৮/০২/২০২৪ খ্রিঃ

বিষয় : ফেনী-১ আসনের ফুলগাজী উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়
আসসালামু আলাইকুম

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ১৯৭৫ সালের পর গত পঞ্চাশ বছরে ফেনী-১ আসনের জনগণ আমাকে প্রথমবারের মতো বাংলাদেশ আওয়ামী লীগ থেকে সংসদ সদস্য হিসেবে বিপুল ভোটে নির্বাচিত করেছেন। আমি নির্বাচনের আগে এলাকার উন্নয়নের জন্যে বিভিন্ন প্রতিশ্রুতি দিয়েছি। যার মধ্যে অন্যতম প্রতিশ্রুতি হলো ফুলগাজী উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করা।

আমার নির্বাচনী এলাকা ফেনী-১ আসনটি ছাগলনাইয়া, পরশুরাম ও ফুলগাজী উপজেলা নিয়ে গঠিত। উল্লিখিত ৩ (তিন) টি উপজেলার মধ্যে ছাগলনাইয়া ও পরশুরাম উপজেলা সদর পৌরসভার অন্তর্ভুক্ত হলেও ফুলগাজী উপজেলায় কোন পৌরসভা নেই। ফুলগাজী উপজেলাটি ৬ (ছয়) টি ইউনিয়ন নিয়ে গঠিত, এটির আয়তন প্রায় ১০৫ বর্গ কিমি এবং প্রায় দুই লক্ষ লোক বসবাস করে। উপজেলাটি ২০০২ সালে গঠিত হলেও উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করা হয়নি। উপজেলা সদরে উপজেলা কমপ্লেক্স, থানা, সরকারি কলেজ, মহিলা কলেজ, ফুলগাজী পাইলট স্কুল, গার্লস স্কুল, সিনিয়র মাদ্রাসা ও সরকারি কর্মকর্তা কর্মচারীদের বাসা অবস্থিত। উপজেলা সদরে প্রায় ৮০ হাজার লোক বসবাস করে। কিন্তু এলাকার জনগনের দীর্ঘদিনের দাবী উপজেলা হেডকোয়ার্টারকে পৌরসভায় উন্নীত করা ও নাগরিক সুবিধাদি বাড়ানো। কিন্তু বিগত দিনগুলোতে আওয়ামী লীগ সরকারের কোন এমপি না থাকায় উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করার পদক্ষেপ নেয়নি।

এমতাবস্থায় আমার নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং জনগনের নাগরিক সুবিধা নিশ্চিত করার লক্ষে ফুলগাজী উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করার লক্ষে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটিতে প্রস্তাব প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

ধন্যবাদান্তে-

আলাউদ্দিন আহম্মদ চৌধুরী
সংসদ সদস্য
২৬৫ ফেনী-১

মোঃ তাজুল ইসলাম এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

আলাউদ্দিন আহম্মদ চৌধুরী
সংসদ সদস্য
২৬৫ ফেনী-০১
বাংলাদেশ জাতীয় সংসদ